**বিজ্ঞপ্তি নং ১৩/২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
পায়রা বন্দর কর্তৃপক্ষ
কলাপাড়া, পটুয়াখালী - ৮৬৫০
www.ppa.gov.bd

নম্বর-১৮.২১.৭৮৬৬.০০০.০০১.১১.০০৬৩.২৫.৮০৪

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩২
০৪ জুন ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

পায়রা বন্দর কর্তৃপক্ষের রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনকৃত নিম্নবর্ণিত পদসমূহে সরাসরি নিয়োগের নিমিত্ত বাংলাদেশের নাগরিকদের কাছ থেকে শুধুমাত্র অনলাইনে (http://ppa.teletalk.com.bd) নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না:

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়স | আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | পাইলট<br>টাঃ ৩৫,৫০০-৬৭,০১০ | ০১ (এক) | অনূর্ধ্ব ৩৫ বৎসর। | ক। মাস্টার (এফজি) বা ১ম শ্রেণি (ডেক) কম্পিটেন্সি সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজের ১ম মেট হিসাবে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; **অথবা**<br>খ। ৩য় শ্রেণি (ডেক) কম্পিটেন্সি সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজে ৮ (আট) বৎসরের সামুদ্রিক অভিজ্ঞতা। |
| ২। | সহকারী পরিচালক (এস্টেট)<br>টাঃ ২২,০০০– ৫৩,০৬০ | ০১ (এক) | অনূর্ধ্ব ৩২ বৎসর। | ক। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ এলএল.বি. ডিগ্রি; **অথবা**<br>খ। এলএল.এম. ডিগ্রি। |
| ৩। | সহকারী ড্রেজিং মাস্টার<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০ | ০১ (এক) | অনূর্ধ্ব ৩৫ বৎসর। | ক। ৩য় শ্রেণির ডিটিপি (ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্ট) সার্টিফিকেট; **অথবা**<br>খ। ৩য় শ্রেণির (ডেক) কম্পিটেন্সি সার্টিফিকেট এবং<br>গ। বিদেশগামী জাহাজে সেকেন্ড অফিসার হিসাবে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৪। | সহকারী পরিচালক (অর্থ)<br>টাঃ ২২,০০০-৫৩,০৬০ | ০১ (এক) | অনূর্ধ্ব ৩২ বৎসর। | ক। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাববিজ্ঞান/ফিন্যান্স/মার্কেটিং/ব্যবস্থাপনা/ অর্থনীতিতে-<br>(১) ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(২) ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি;<br>**অথবা**<br>খ। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে একাউন্টিং/ফিন্যান্স বিষয়ে মেজরসহ এমবিএ (মাস্টার্স ইন বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন) ডিগ্রি: তবে চার্টার্ড একাউনটেন্ট (সিএ) বা কস্ট ম্যানেজম্যান্ট একাউনটেন্ট (সিএমএ) সার্টিফিকেটধারী প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৫। | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)<br>টাঃ ১৬,০০০ – ৩৮,৬৪০ | ০১ (এক) | অনূর্ধ্ব ৩২ বৎসর। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ডিপ্লোমা-ইন-সিভিল ইঞ্জিনিয়ারিং। |
| ৬। | উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>টাঃ ১৬,০০০-৩৮,৬৪০ | ০১ (এক) | অনূর্ধ্ব ৩২ বৎসর। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ডিপ্লোমা-ইন-ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং । |
| ৭। | উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)<br>টাঃ ১৬,০০০-৩৮,৬৪০ | ০১ (এক) | অনূর্ধ্ব ৩২ বৎসর। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ডিপ্লোমা-ইন-মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>টাঃ ৯,৩০০ - ২২,৪৯০ | ০১<br>(এক) | অনূর্ধ্ব ৩২ বৎসর। | ক। কোন স্বীকৃত বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এর গতি প্রতি মিনিটে অন্যূন বাংলা ২০ ও ইংরেজী ২০ শব্দ। |
| ৯। | ল্যান্ড সার্ভেয়ার<br>টাঃ ৯,৩০০ – ২২,৪৯০ | ০৩<br>(তিন) | অনূর্ধ্ব ৩২ বৎসর। | ক। কোন স্বীকৃত বোর্ড হতে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ। কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হতে সার্ভে ফাইনাল সার্টিফিকেট অথবা ডিপ্লোমা-ইন-সার্ভে টেকনোলজি ডিগ্রি। |
| ১০। | লস্কর<br>টাঃ ৮,৫০০ - ২০,৫৭০ | ০১<br>(এক) | অনূর্ধ্ব ৩২ বৎসর। | কোন স্বীকৃত বোর্ড হতে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১। | অফিস সহায়ক<br>টাঃ ৮,২৫০ -২০,০১০ | ০২<br>(দুই) | অনূর্ধ্ব ৩২ বৎসর। | ক। অষ্টম শ্রেণি পাশ বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ। সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১২। | নিরাপত্তা রক্ষী<br>টাঃ ৮,২৫০ - ২০,০১০ | ০১<br>(এক) | অনূর্ধ্ব ৩২ বৎসর। | ক। কোন স্বীকৃত বোর্ড হতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ। প্রার্থীদের অবশ্যই কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত নিম্নবর্ণিত শারীরিক যোগ্যতা সম্পন্ন হতে হবে:<br>(১) প্রার্থীকে সাহসী ও স্বাভাবিক অঙ্গবিন্যাসসহ সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। উচ্চতা: কমপক্ষে ৫ ফুট ৫ ইঞ্চি; বুকের মাপ:স্বাভাবিক কমপক্ষে ৩০ ইঞ্চি, প্রসারণ কমপক্ষে ২ ইঞ্চি।<br>(২) আবেদনকারীকে ৪০০ মিটার দৌড় ৮০ সেকেন্ডের মধ্যে সম্পন্ন করতে হবে এবং অবশ্যই সাঁতার জানতে হবে।<br>(৩) আবেদনকারীর রক্তচাপ স্বাভাবিক হতে হবে।<br>(৪) আবেদনকারীর দৃষ্টিশক্তি কমপক্ষে 6x6 হতে হবে।<br>(৫) বর্ণান্ধতা (Colour Blindness) গ্রহণযোগ্য নয়। নক্ নি (Knock Knee) এবং ফ্ল্যাট ফুট (Flat Foot) থাকলে অযোগ্য বলে বিবেচিত হবে; দীর্ঘস্থায়ী অথবা সংক্রামক দূরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়ে থাকলে অযোগ্য বিবেচিত হবে। হেপাটাইটিস 'বি' নিগেটিভ ($HB_S$ Ag 'Negative') হতে হবে;<br>(৬) উচ্চতা ও বয়স অনুযায়ী ওজন বাংলাদেশের সামরিক বাহিনীর জন্য অনুসৃত তালিকা অনুযায়ী স্বাভাবিক হতে হবে। |

**নিয়োগের শর্তাবলি**

১। ০১ জুন ২০২৫ তারিখে ক্রমিক ১ ও ৩ ব্যতীত সকল প্রার্থীর বয়সসীমা ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে এবং ক্রমিক ১ ও ৩ -এ বর্ণিত প্রার্থীদের বয়সসীমা ১৮-৩৫ বছরের মধ্যে হতে হবে। ক্রমিক ২ এ বর্ণিত পদে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/বেসরকারি সংস্থায় সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়স ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। ক্রমিক ০৬ এ বর্ণিত পদে বিভাগীয় প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৩৫ বছর। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়। এসএসসি সনদ, জাতীয় পরিচয় পত্র, জন্ম নিবন্ধন সনদে প্রদত্ত জন্ম তারিখের ভিত্তিতে বয়স প্রমাণিত হবে।

২। সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই সরকারি বিধি মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের (NOC) মূল কপি জমা দিতে হবে ।

৩। আবেদনকারীকে লিখিত ও মৌখিক এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক ও শারীরিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

৪। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত বা জাল প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা যেকোন পর্যায়ে বাতিল করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শন করে কোন প্রার্থী পরীক্ষায় উত্তীর্ণ বা চাকরি প্রাপ্ত হলে তার প্রার্থীতা বাতিলসহ চাকরি হতে যে কোন পর্যায়ে অব্যাহতি প্রদান/অপসারণ/বরখাস্ত করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। **প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন। একাধিক পদের বিপরীতে আবেদন করলে প্রার্থীর সকল আবেদন বাতিল বলে গণ্য করা হবে।**

৬। নিয়োগের ক্ষেত্রে পায়রা বন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৭ এবং সরকারের বিদ্যমান ও পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে। সরকারের সর্বশেষ অধ্যাদেশ/বিধি/আদেশ/প্রজ্ঞাপন মোতাবেক কোটা পদ্ধতি অনুসরণপূর্বক নিয়োগ প্রদান করা হবে।

৭। পায়রা বন্দর কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিটি পরিমার্জন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**প্রয়োজনীয় কাগজপত্র**

৮। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত সনদ/প্রয়োজনীয় কাগজপত্রের মূল কপি সংগে আনতে হবে:

ক। সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র/সাময়িক সনদপত্র/প্রত্যয়নপত্র/ পরীক্ষায় অংশগ্রহণের অনুমতিপত্র (অগ্রাধিকারের ক্রমানুসারে)।

খ। প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ও নাগরিকত্ব সনদ।

গ। জাতীয় পরিচয়পত্র এবং জন্মনিবন্ধন সনদপত্র।

ঘ। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীগণ সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র এবং আবেদনকারীর সাথে সম্পর্কের প্রত্যয়নপত্র; ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র; এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে জেলা সমাজ সেবা কার্যালয়ের উপ-পরিচালক/ দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্র/ স্মার্ট কার্ড।

ঙ। প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার ব্যবহারে দক্ষতার প্রমাণস্বরূপ সনদপত্র।

চ। ডাউনলোডকৃত Application Copy ও Admit Card এর কপি।

ছ। আবেদনকারীর পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী**

৯। আগ্রহী প্রার্থীগণ http://ppa.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

ক। আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৫ জুন ২০২৫ তারিখ সকাল ১০.০০ ঘটিকা।

খ। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৫ জুলাই ২০২৫ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা।

গ। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদনপত্র জমা দেয়ার সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

১০। অনলাইন আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০পিক্সেল) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ পিক্সেল) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ কিলোবাইট ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ কিলোবাইট হতে হবে।

১১। অনলাইন আবেদনপত্র সাবমিট করার পূর্বে **পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।** প্রার্থী অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট করা কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

১২। Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদন submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy তে যদি কোন ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। তাই আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's Copy তে প্রার্থীর সদ্য তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর রয়েছে মর্মে নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোড পূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's copy -তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নবর্ণিত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে টেলিটক চার্জসহ পরীক্ষার ফি বাবদ ১-৭ নং ক্রমিকের পদের জন্য নিয়োগ পরীক্ষার ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ **(ভ্যাটসহ অফেরতযোগ্য)** ২৩.০০ (তেইশ) টাকাসহ সর্বমোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা, ৮-৯ নং ক্রমিকের পদের জন্য নিয়োগ পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ **(ভ্যাটসহ অফেরতযোগ্য)** ১২/- (বারো) টাকাসহ সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা, ১০-১২ নং ক্রমিকের পদের জন্য নিয়োগ পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ **(ভ্যাটসহ অফেরতযোগ্য)** ৬/-(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা নিয়োগ পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা** অনধিক ৭২ ঘণ্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না''।

প্রথম **SMS: PPA**<space>**User ID** লিখে **Send** করতে হবে 16222 নম্বরে।

[Example: PPA ABCDEF]

Reply: Applicant's Name, Tk- 223/112/56 will be charged as application fee. Your PIN is XXXXXXXXX. To pay fee type PPA<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় **SMS: PPA**<space>**YES**<space>**PIN** লিখে **Send** করতে হবে 16222 নম্বরে।

[Example: PPA YES XXXXXXXXX]

Reply: Congratulations, Applicant's Name, payment completed successfully for PPA, Application for xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

১৩। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://ppa.teletalk.com.bd** অথবা, **www.ppa.gov.bd** এর ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যম (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, এসএমএস পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

১৪। এসএমএস-এ পাঠানো User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোড করে প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়, উত্তীর্ণ হলে ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

১৫। শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত এসএমএস পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

ক। **User ID জানা থাকলে: PPA**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: PPA Help User ABCDEF

খ। **PIN Number জানা থাকলে: PPA**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.
Example: PPA Help PIN 12345678

গ। অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর ফোন করে তথ্য জানা যাবে অথবা alljobs.query@teletalk.com.bd অথবা recruitment.ppa17@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া, টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর Subject এ Organization Name: PPA, Post Name: *** Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

**অন্যান্য নির্দেশনা**

১৬। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও পায়রা বন্দর কর্তৃপক্ষের নিজস্ব ওয়েব সাইট (www.ppa.gov.bd) অথবা (http://ppa.teletalk.com.bd) ওয়েব সাইট এ পাওয়া যাবে। এছাড়া QR code স্ক্যান এর মাধ্যমে রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

১৭। 'স্বীকৃত বিশ্ববিদ্যালয়' বলতে ইউনিভার্সিটি গ্রান্ট কমিশন (UGC) কর্তৃক অনুমোদিত সরকারি বা বেসরকারি বিশ্ববিদ্যালয়কে বোঝাবে এবং প্রার্থীর ডিগ্রি অর্জনকালীন সময়ে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম পরিচালনার অনুমোদন থাকতে হবে। আবেদন করার জন্য সর্বনিম্ন শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করা হয়েছে।

১৮। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১৯। **পায়রা বন্দর কর্তৃপক্ষ কর্তৃক ১০ ডিসেম্বর ২০২৩ তারিখের ১৮.২১.৭৮৬৬.০০১.১১.০৫৯.২৩.৭৬১ নম্বর স্মারক মূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদসমূহে যারা আবেদন করেছেন তাদের উক্ত পদসমূহে পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।**

২০। ডিক্লারেশন: প্রার্থীকে আবেদপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনটি নিয়োগের যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

পায়রা বন্দর কর্তৃপক্ষ
এর ওয়েবসাইটে
প্রবেশ এর QR Code

পায়রা বন্দর কর্তৃপক্ষ
এর টেলিটক পোর্টালে
প্রবেশ এর QR Code

০৪/০৬/২০২৫

**(পরিমল চন্দ্র বসু)**
সদস্য (প্রশাসন ও অর্থ)
পায়রা বন্দর কর্তৃপক্ষ